



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -২ শাখা
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭.৫৪

তারিখ: ১৫ চৈত্র ১৪২৮

২৯ মার্চ ২০২২

বিষয়: মেরামত/সংস্কারযোগ্য ইউনিয়ন পরিষদের তালিকা প্রেরণ।

সূত্র: এ বিভাগের স্মারক নং-১০৪, তারিখ: ০৯/০৩/২০২২খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষন কাজ বাস্তবায়ন নির্দেশিকা গত ১৮/০৭/২০২১ তারিখে জারী করা হয়েছে। উক্ত নির্দেশিকা অনুযায়ী ইউনিয়ন পরিষদ ভবন মেরামতের ক্ষেত্রে সর্বোচ্চ ১০.০০ লক্ষ (দশ লক্ষ) টাকার মধ্যে চাহিদা নিরূপন করতে হবে। বিভিন্ন জেলা হতে প্রাপ্ত প্রস্তাব পর্যালোচনায় দেখা যায় অনেক ইউনিয়ন পরিষদ ভবন মেরামতের ক্ষেত্রে ১৫.০০ লক্ষ (পনের লক্ষ) টাকার অধিক চাহিদা প্রেরণ করা হয়েছে (তালিকা সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, যেসকল ইউনিয়ন পরিষদের ভবন মেরামত/সংস্কারের লক্ষ্যে ১৫.০০ লক্ষ (পনের লক্ষ) টাকার উর্ধ্বে প্রস্তাব প্রেরণ করা হয়েছে সেসকল ইউনিয়ন পরিষদ ভবন মেরামত/সংস্কারের লক্ষ্যে নীতিমালা অনুযায়ী ১০.০০ লক্ষ (দশ লক্ষ) টাকার মধ্যে উপজেলা প্রকৌশলী, এলজিইডি'র প্রাক্কলনসহ জরুরি ভিত্তিতে প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২৯-৩-২০২২

মোঃ আকবর হোসেন

উপসচিব

ফোন: ৯৫১৪১৯০

জেলা প্রশাসক,-----জেলা।

ইমেইল: lgup2@lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭.৫৪/১

তারিখ: ১৫ চৈত্র ১৪২৮


২৯ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, -----উপজেলা-----জেলা।
- ৪) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) উপজেলা প্রকৌশলী, এলজিইডি,-----উপজেলা-----জেলা।

৬) অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭) অতিরিক্ত সচিব (ইউপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



১৯-৩-২০২২

মোঃ আকবর হোসেন

উপসচিব